

গাজীপুর সিটি কর্পোরেশন

গাজীপুর।

ওয়ার্ড-০১

স্মারক নং-জিসিসি/অঞ্চল-৮/ওয়ার্ড-১/ WLCC চলতি সভা/২০২২-২৩/

তারিখঃ ১০/০৮/২০২২ইং

"সভার নোটিশ"

আগামী ১৪/০৮/২০২২খ্রি. রোজ রবিবার বেলা ১১.০০ ঘটিকায় গাজীপুর সিটি কর্পোরেশন অন্তর্গত ১নং ওয়ার্ডে ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটির (WLCC) চলতি কোয়ার্টারের চলতি সভা ১নং ওয়ার্ড কার্যালয়ে অনুষ্ঠিত হবে। গাজীপুর সিটি কর্পোরেশন ১নং ওয়ার্ডের মাননীয় কাউন্সিলর জনাব আলহাজ্ব মোঃ ওসমান গনি লিটন সভায় সভাপতিত্ব করবেন।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

আলোচ্য সূচীঃ

- ১। চলমান সকল কাজ সম্পূর্ণ করন বিষয়ক আলোচনা।
- ২। সড়কবাতী স্থাপন সম্পর্কিত আলোচনা।
- ৩। রাস্তার নির্মাণ বিষয়ক আলোচনা।
- ৪। বিবিধ;

বিতরণঃ

- ১। জনাব.....
পদবী
- WLCC কমিটি।

আলহাজ্ব মোঃ ওসমান গনি লিটন

কাউন্সিলর

অঞ্চল-০৮ ওয়ার্ড নং-০১
গাজীপুর সিটি কর্পোরেশন

গাজীপুর সিটি কর্পোরেশন।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ১। সচিব, গাজীপুর সিটি কর্পোরেশন।

গাজীপুর সিটি কর্পোরেশন
গাজীপুর।

স্মারক নং- জিসিসি/ওয়ার্ড-১/WLCC চলতি সভা/০১/২০২২-২৩/

তারিখঃ ১৪/০৮/২০২২ইং

০১ নং ওয়ার্ডের WLCC কমিটির চলতি সভার কার্যবিবরণীঃ

সভাপতি	:	আলহাজ্ব মোঃ ওসমান গনি লিটন কাউন্সিলর ০১ নং ওয়ার্ড গাজীপুর সিটি কর্পোরেশন
সভার স্থান	:	০১ নং ওয়ার্ডের ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয়
সভার তারিখ	:	১৪/০৮/২০২২খ্রিঃ রোজ রবিবার
সময়	:	বেলা ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট “ক” তে উপস্থাপন করা হ'ল।

সভার শুরুতেই সভাপতি মহোদয় গাজীপুর সিটি কর্পোরেশনের কার্যক্রম সচল ও গতিশীল করার লক্ষ্যে গঠিত কমিটির অদ্যকার সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্য সূচী অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ-

১। চলমান সকল কাজ সম্পূর্ণ করণ বিষয়ক আলোচনা।	সভায় উপস্থিত সদস্য মোঃ ইউনুস মাতবর প্রস্তাব করেন যে চলমান সকল কাজ দ্রুততম সময়ের মধ্যে সমাপ্ত না করলে বর্ষার মৌসুমে জনদুর্ভোগ বাড়বে। তাই তিনি কাউন্সিলর মহোদয়ের মাধ্যমে মাননীয় মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।	উক্ত বিষয়ে কাউন্সিলর জানান অতি অল্প সময়ের মধ্যে সকল কাজ সমাপ্ত হবে এবং সে জন্য তিনি মাননীয় মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।
২। সড়ক বাতি স্থাপন করণ বিষয়ক আলোচনা।	সভায় উপস্থিত সদস্য কাজী শাহীন জানান বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়কে বাতি না থাকায় রাতে চলাচলে বিভিন্ন প্রকার সমস্যার সম্মুখীন হতে হচ্ছে তাই দ্রুত নতুন সড়ক বাতি স্থাপন করা প্রয়োজন। এ বিষয়ে তিনি কাউন্সিলর এর হস্তক্ষেপ কামনা করেন।	সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং বিদ্যুৎ বিভাগের দৃষ্টি আকর্ষণ করা হয়।
৩। রাস্তা নির্মাণ বিষয়ক আলোচনা।	সভায় উপস্থিত সদস্য মোঃ জিয়াউর রহমান জানান যে, জরুরী ভিত্তিতে কিছু জনগুরুত্বপূর্ণ রাস্তা নির্মাণ করা প্রয়োজন। এ বিষয়ে কাউন্সিলর মহোদয়ের মাধ্যমে মাননীয় মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।	সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য মাননীয় মেয়র মহোদয় দৃষ্টি আকর্ষণ করা হয়।

সভার বিস্তারিত আলোচনাস্তে নিম্নে বর্ণিত বিষয়ে আশু ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় মেয়র মহোদয়কে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহিত হয়, যথাঃ-

১। জাইকা প্রকল্পের আওতায় সকল রাস্তা ও ড্রেনের কাজ দ্রুত বাস্তবায়ন করার জন্য অনুরোধ জানানো হয়।

অদ্যকার সভায় আর কোন আলোচ্য সূচী না থাকায় সভায় গৃহিত সিদ্ধান্ত গুলি বাস্তবায়নের জন্য অনুরোধ জানিয়ে উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আলহাজ্ব মোঃ ওসমান গনি লিটন
আলহাজ্ব মোঃ ওসমান গনি লিটন
সভাপতি
কাউন্সিলর
ওয়ার্ড নং-০১
কাউন্সিলর ০১ নং ওয়ার্ড
গাজীপুর সিটি কর্পোরেশন।
তারিখঃ ১৪/০৮/২০২২খ্রিঃ





গাজীপুর সিটি কর্পোরেশন

ওয়ার্ড লেভেল কর্ডিনেশন কমিটি (WLCC)

১নং ওয়ার্ড।

পরিশিষ্ট 'ক'

ওয়ার্ড লেভেল কর্ডিনেশন কমিটি (WLCC) তে উপস্থিত সদস্যদের নামের তালিকাঃ

ক্রমিক	নাম	কমিটিতে পদবী	গঠন পরিচিতি	স্বাক্ষর
০১	আলহাজ্ব মোঃ ওসমান গনি লিটন	চেয়ারম্যান	ওয়ার্ড কাউন্সিলর	
০২	মোসাঃ নাজনীন আক্তার ছিভা	কো-চেয়ারম্যান	মহিলা কাউন্সিলর	
০৩	কাজী শাহীন	সদস্য	বস্তি/দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি	
০৪	মোঃ জিয়াউর রহমান	সদস্য		
০৫	মোসাঃ পারভীন আক্তার	সদস্য		
০৬	মোঃ কবির হোসেন	সদস্য	নাগরিক সমাজ/এনজিও/সিবিও প্রতিনিধি	
০৭	মোসাঃ জয়তন আক্তার	সদস্য		
০৮	মোঃ ইউনুস মাতবর	সদস্য		
০৯	মোঃ জাহাঙ্গীর আলম মন্ডল	সদস্য		
১০	তানিয়া আক্তার	সদস্য	পেশাজীবী	
১১	মোঃআল ইমরান	সদস্য		
১২	রোকেয়া বেগম	সদস্য		
১৩	ডাঃ মোঃ আহম্মদ শরীফ রাজন	সদস্য		
১৪	হাফেজ মোঃ দেলোয়ার হোসেন	সদস্য	মাননীয় মেয়র কর্তৃক মনোনীত প্রতিনিধি	
১৫	আফরোজা খানম সোমা	সদস্য সচিব		